# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯১

২/ রাসূলুল্লাহ ﷺ হতে নামাযের সময়সূচী (كتاب الصلاة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৭৬. সালাম ফিরানোর পূর্বে সাহু সিজদা করা

## باب مَا جَاءَ فِي سَجْدَتَىِ السَّهْوِ قَبْلَ التَّسْلِيمِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنِ الأَعْرَجِ، عَنْ عَبْدِ اللَّهِ ابْنِ بُحَيْنَةَ الأَسَدِيِّ، حَلِيفِ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَامَ فِي صَلاَةِ الظُّهْرِ وَعَلَيْهِ جُلُوسٌ فَلَمَّا أَتَمَّ صَلاَتَهُ سَجَدَ سَجْدَتَيْنِ يُكَبِّرُ فِي كُلِّ سَجْدَةٍ وَهُوَ جَالِسٌ قَبْلَ أَنْ يُسَلِّمَ وَسَجَدَهُمَا النَّاسُ مَعَهُ مَكَانَ مَا نَسِيَ مِنَ الْجُلُوسِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، وَأَبُو دَاوُدَ قَالاَ حَدَّثَنَا هِشَامٌ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، وَالسَّائِبَ الْقَارِئَ، كَانَا يَسْجُدَانِ سَجْدَتَىِ السَّهْوِ قَبْلَ التَّسْلِيمِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ بُحَيْنَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ يَرَى سُجُودَ السَّهْوِ كُلِّهِ قَبْلَ السَّلاَمِ وَيَقُولُ هَذَا النَّاسِخُ لِغَيْرِهِ مِنَ الأَحَادِيثِ وَيَذْكُرُ أَنَّ آخِرَ فِعْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم كَانَ عَلَى هَذَا . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ إِذَا قَامَ الرَّجُلُ فِي الرَّكْعَتَيْنِ فَإِنَّهُ يَسْجُدُ سَجْدَتَىِ السَّهْوِ قَبْلَ السَّلاَمِ عَلَى حَدِيثِ ابْنِ بُحَيْنَةَ . وَعَبْدُ اللَّهِ ابْنُ بُحَيْنَةَ هُوَ عَبْدُ اللَّهِ بْنُ مَالِكٍ وَهُوَ ابْنُ بُحَيْنَةَ مَالِكٌ أَبُوهُ وَبُحَيْنَةُ أُمُّهُ . هَكَذَا أَخْبَرَنِي إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ عَنْ عَلِيِّ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْمَدِينِيِّ . قَالَ أَبُو عِيسَى وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي سَجْدَتَىِ السَّهْوِ مَتَى يَسْجُدُهُمَا الرَّجُلُ قَبْلَ السَّلاَمِ أَوْ بَعْدَهُ فَرَأَى بَعْضُهُمْ أَنْ يَسْجُدَهُمَا بَعْدَ السَّلاَمِ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُهُمْ يَسْجُدُهُمَا قَبْلَ السَّلاَمِ . وَهُوَ قَوْلُ أَكْثَرِ الْفُقَهَاءِ مِنْ أَهْلِ الْمَدِينَةِ مِثْلِ يَحْيَى بْنِ سَعِيدٍ وَرَبِيعَةَ وَغَيْرِهِمَا وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ . وَقَالَ

بَعْضُهُمْ إِذَا كَانَتْ زِيَادَةً فِي الصَّلاَةِ فَبَعْدَ السَّلاَمِ وَإِذَا كَانَ نُقْصَانًا فَقَبْلَ السَّلاَمِ . وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنَسٍ . وَقَالَ أَحْمَدُ مَا رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي سَجْدَتَىِ السَّهْوِ فَيُسْتَعْمَلُ كُلٌّ عَلَى جِهَتِهِ يَرَى إِذَا قَامَ فِي الرَّكْعَتَيْنِ عَلَى حَدِيثِ ابْنِ بُحَيْنَةَ فَإِنَّهُ يَسْجُدُهُمَا قَبْلَ السَّلاَمِ وَإِذَا صَلَّى الظُّهْرَ خَمْسًا فَإِنَّهُ يَسْجُدُهُمَا بَعْدَ السَّلاَمِ وَإِذَا سَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ مِنَ الظُّهْرِ وَالْعَصْرِ فَإِنَّهُ يَسْجُدُهُمَا بَعْدَ السَّلاَمِ وَكُلٌّ يُسْتَعْمَلُ عَلَى جِهَتِهِ . وَكُلُّ سَهْوٍ لَيْسَ فِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم ذِكْرٌ فَإِنَّ سَجْدَتَىِ السَّهْوِ قَبْلَ السَّلاَمِ . وَقَالَ إِسْحَاقُ نَحْوَ قَوْلِ أَحْمَدَ فِي هَذَا كُلِّهِ إِلاَّ أَنَّهُ قَالَ كُلُّ سَهْوٍ لَيْسَ فِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم ذِكْرٌ فَإِنْ كَانَتْ زِيَادَةً فِي الصَّلاَةِ يَسْجُدُهُمَا بَعْدَ السَّلاَمِ وَإِنْ كَانَ نُقْصَانًا يَسْجُدُهُمَا قَبْلَ السَّلاَمِ .

বাংলা

৩৯১। আবদুল্লাহ ইবনু বুহাইনা আল-আসাদী (রাঃ) হতে বর্ণিত আছে, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের নামাযে (দ্বিতীয় রাকাআতে) বসার পরিবর্তে দাড়িয়ে গেলেন। নামায শেষ করার পর সালাম ফিরানোর আগে তিনি বসা অবস্থায় তাকবীরসহকারে দুটি সিজদা করলেন। তার সাথের লোকেরাও সিজদা করলো। ভুলে বর্জিত বসার পরিবর্তে এ সিজদা। —সহীহ। ইবনু মাজাহ– (১২০৬, ১২০৭), বুখারী ও মুসলিম।

এ অনুচ্ছেদে ’আবদুর রহমান ইবনু আওফ (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু হুরাইরা ও আব্দুল্লাহ ইবনু সায়িব (রাঃ) হতে বর্ণিত আছে, তারা উভয়েই সালামের পূর্বে সাহু সিজদা করতেন। সনদ সহীহ। সায়িব তিনি ইবনু উমাইর। আবু ঈসা বলেনঃ বুহাইনার হাদীসটি হাসান সহীহ।

কিছু বিদ্বান এই হাদীসের উপর আমল করেন। ইমাম শাফিঈ এই মত পোষণ করেন। তার মতে সকল সাহু সিজদা্ই সালামের পূর্বে। তিনি আরো বলেন, এই হাদীস অন্যান্য হাদীসের নাসিখ। কেননা এটাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সর্বশেষ আমল। ইমাম আহমাদ ও ইসহাক বলেন, কোন ব্যক্তি যদি দ্বিতীয় রাকাআতের পর দাড়িয়ে যায় তাহলে ইবনু বুহাইনার হাদিস অনুযায়ী সালামের পূর্বেই সাহু সিজদা করবে। আব্দুল্লাহ ইবনু বুহাইনা তিনি আব্দুল্লাহ ইবনু মালিক। তার মাতার নাম বুহাইনা। ইসহাক ইবনু মানসুর আলী ইবনু আবদিল্লাহ আল-মাদানী হতে এরূপই বর্ণনা করেছেন।

আবু ঈসা বলেনঃ সাহু সিজদা কখন করবে এ ব্যাপারে বিদ্বানগণের মধ্যে মতের অমিল রয়েছে। কতক বিদ্বানের মতে সালামের পরে সাহু সিজদা করতে হবে। সুফইয়ান সাওরী ও কুফাবাসীর মত এটাই। কতক বিদ্বানের মতে সালামের পূর্বেই সাহু সিজদা করবে। এটাই অধিকাংশ মদীনাবাসী ফুকাহদের অভিমত। যেমন- ইয়াহইয়া ইবনু সাঈদ, রাবীয়া এবং অন্যান্য ইমামগণ। শাফিঈরও মত এটাই।

আবার কেউ কেউ বলেন, নামাযে যদি অতিরিক্ত করে ফেলে তাহলে সালামের পরে, আর যদি নামাযে স্বল্পতা থাকে তবে সালামের পূর্বে। মালিক ইবনু আনাসের মত এটাই।

ইমাম আহমাদ বলেন, সাহু সিজদা সম্পর্কে হাদীসসমূহে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যে নিয়ম বর্ণিত হয়েছে সে নিয়ম অনুযায়ীই আমল করতে হবে। যদি দুই রাকাআত শেষে দাঁড়িয়ে যায় তাহলে বুহাইনার হাদিস অনুযায়ী সালামের পূর্বে সাহু সিজদা করবে। আর যদি যুহরের নামায পাঁচ রাকআত পড়ে ফেলে তাহলে সালামের পরে সাহু সিজদা করবে। যদি যুহর বা আসরে দুই রাকাতের পর সালাম ফেরায় তাহলে সালামের পর সাহু সিজদা করবে। আর যে সমস্ত ভুলের ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে কোন বিবরণ নেই তাতে সালামের পূর্বেই সাহু সিজদা্ করবে। ইসহাকও আহমাদ অনুরূপ মত পোষণ করেন। তবে তিনি বলেন, যে সমস্ত ভুলের বিবরণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত হয়নি তা যদি নামাযে অতিরিক্ত হয় তবে সালামের পরে সাহু সিজদা করবে, আর যদি নামাযে স্বল্পতা হয় তবে সালামের পূর্বেই সাহু সিজদা করবে।

## English

Abdullah bin Buhainah Al-Asdi the ally of Banu Abdul-Muttalib narrated: "The Prophet (S) stood for the Zuhr prayer, and he had a sitting to perform, so when he completed his Salat, he performed two prostrations, saying the Takbir for each prostration. So he was sitting before saying the Salam, and the people prostrated with him in place of the sitting he forgot."

There is a narrated with another chain that Abu Hurairah and ['Abdullah bin] As-Sa'id Al-Qari' would perform the prostrations of As-Sahw before the Taslim.

Abu 'Eisa said:
The Hadith of Ibn Buhainah is a Hasan [Sahih] Hadith, and this is acted upon according to some of the people of knowledge. It is the opinion of Ash-Shafi'i, he held the view that all prostrations for As-Sahw were to be performed before the Salam, saying: "This one abrogates the other Ahadith" and he mentioned that the last action of the Prophet (ﷺ) was according to this.

Ahmad and Ishaq said: "When a man stands up after two Rak'ah, then he performs the prostrations for As-Sahw before the Salam according to the Hadith of Ibn Buhainah."

'Abdullah bin Buhainah is 'Abdullah bin Malik [so he is] Ibn Buhainah (because) Malik is his father and Buhainah is his mother.

I was informed of this by Ishaq bin Mansur from 'Ali [bin 'Abdullah] bin Al-Madini.

Abu 'Eisa said: The people of knowledge differ over when a man is to perform the prostrations of As-Sahw, is it before the Salam or after it. Some of them thought that her performs them after the Salam. This is the view of Sufyan Ath-Thawri and the people of Al-Kufah. Some of them said he performs them before the Salam. This is the view of most of the Fuqaha among the people of Al-Madinah, like Yahya bin Sa'eed, Rabi'ah, and others. This is also the saying of Ash-Shafi'i.

Some of them said when he adds to the Salat, then it is after the Salam, and when he leaves something out, then before the Salam. This is the view of Malik bin Anas.

Ahmad said: "Whatever is reported from the Prophet (ﷺ) about the prostrations from As-Sahw then it is acted upon in either case." He saw that when one stands after Rak'ah then according to the Hadith of Ibn Buhainah, he is to perform the prostrations before the Salam. When he prays five for Zuhr, then performs the prostrations after the Salam, and if he says Salam after two Rak'ahs of Zuhr or 'Asr then he performs the prostrations after the Salam. All of them are to be acted upon depending upon the case, and in the cases where nothing is reported from the Prophet (ﷺ), then two prostrations are performed for As-Sahw before the Salam.

Ishaq said the same as Ahmad about all of this, with the exception that he said that for every case of As-Sahw that is not mentioned from the Prophet (ﷺ), then if it is an addition to the Salat, then prostrations are performed after the Salam, and if it is something that was left out, then the prostrations are performed before the Salam.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু বুহায়নাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=39379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন